দামুড়হুদায় শেখ কামাল আন্তঃস্কুল প্রতিযোগিতা অনুষ্ঠিত

দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের আয়োজনে শেখ রাসেল মিনি স্টেডিয়ামে সকাল ১০ টায় দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলীর সভাপতিত্বে শেখ কামাল আন্তঃস্কুল ও মাদ্রাসা অ্যাথলেটিকস প্রতিযোগিতা ২০২৩ অনুষ্ঠিত হয়েছে।

দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী বলেন, খেলা ধুলায় হলো লেখা পড়ার পাশাপাশি একমাত্র মেধা বিকাশের হাতিয়ার, সাকিব মাশরাফিরা যেমন আমাদের দেশটাকে বিশ্বের বুকে পরিচয় দান করিয়েছে, সুতরাং আগামী দিনগুলোতে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে এভাবে তৃণমূল পর্য়ায় থেকে এমন প্রতিযোগিতার মাধ্যম ঘরে ঘরে সাকিব মাশরাফি তৈরি করতে হবে।

দামুড়হুদা পাইলট গার্লস স্কুল এ্যান্ড কলেজের সহকারী প্রধান শিক্ষক মিরাজুল ইসলামের সঞ্চালনায় এসময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা ভাইস চেয়ারম্যান শাহিদা খাতুন, দামুড়হুদা উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক ও প্রেস ক্লাবের সভাপতি এম নুরুন্নবী, সাধারণ সম্পাদক বখতিয়ার হোসেন বকুল, দামুড়হুদা সরঃ পাইলট হাইস্কুলের প্রধান শিক্ষক নজরুল ইসলাম, পাটাচোরা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শাহাজান আলী, মুক্তারপুর নিম্ন মাধ্যমিক গার্লস স্কুলের প্রধান শিক্ষক বখতিয়ার হোসেন, কোনিয়া চাঁদপুর মাদ্রাসার সুপার সামসুল ইসলাম।

এই টুর্নামেন্টের সকল খেলা পরিচালনা করেন গোবিন্দহুদা মাধ্যমিক বিদ্যালয়ের ক্রীড়া শিক্ষক ইকবাল হোসেন, দামুড়হুদা ডি.এস দাখিল মাদ্রাসার ক্রীড়া শিক্ষক সৈয়দ মাসুদুর রহমান খোকন, বিশিষ্ট ক্রীড়া সংগঠক ইউসুফ আলী প্রমূখ।

[redacted]

[redacted]

দামুড়হুদায় গ্রামবাংলার ঐতিহ্যবাহী দড়িটানা খেলা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গার দামুড়হুদায় হয়ে গেলো গ্রাম-বাংলার ঐহিত্যবাহী দড়িটানা খেলা। উপজেলার কার্পাসডাঙ্গা গ্রামে এ খেলার আয়োজন করা হয়। গ্রামের পশ্চিমপাড়া যুবসংঘের আয়োজনে শনিবার দিনব্যাপি গ্রামসংলগ্ন ভৈরব নদের তীরে এ খেলা অনুষ্ঠিত হয়। ঐতিহ্যবাহী এ খেলা দেখতে হাজারো মানুষের ঢল নামে কার্পাসডাঙ্গা গ্রামে।

আয়োজকরা জানান, খেলায় মোট ৮টি দল অংশ নেয়। শনিবার সকাল থেকে কার্পাসডাঙ্গা গ্রামের তিনটি দল, জগন্নাথপুর গ্রামের দুটি দল এবং গচিয়ারপাড়া, কোমরপুর ও আনন্দবাস গ্রামের একটি করে দল খেলায় অংশ নেয়।

শনিবার বিকালে এ সংবাদ লেখা পর্যন্ত খেলা চলমান ছিলো। আয়োজনরা জানান, খেলায় চ্যাম্পিয়ন ও রানারআপ দলকে পুরষ্কার হিসেবে একটি করে ছাগল প্রদান করা হবে।

কোটচাঁদপুরে এ্যাডভোকেসি সভা অনুষ্ঠিত

সময়মতো নিলে পরিবার পরিকল্পনা পদ্ধতি, শিশু ও মাতৃস্বাস্থ্যের হবে উন্নতি এ শ্লোগানে কোটচাঁদপুরে সেবা ও প্রচার সপ্তাহ উপলক্ষে এ্যাডভোকেসি সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার উপজেলা সম্মেলন কক্ষে এ সভা করা হয়।

এ্যাডভোকেসি সভায় সভাপতিত্ব করেন কোটচাঁদপুর উপজেলা সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা আবু হেনা মোস্তাফিজ।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা

খান মাসুম বিল্লাহ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, উপজেলা আওয়ামী লীগের সহসভাপতি ফারজেল হোসেন মন্ডল, সাবদারপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল মান্নান, কোটচাঁদপুর পৌর সভার প্যানেল মেয়র জাহিদ হোসেন।

এ সময় বক্তব্য রাখেন, কোটচাঁদপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইসাহক আলী। এ ছাড়া উপস্থিত ছিলেন মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম, সাংবাদিক নজরুল ইসলাম ও সুব্রত কুমার। এর আগে কোরাআন তেলোয়াত করেন,খায়রুল বাশার,গীতা পাঠ করেন,গীতা চৌধুরী।

চুয়াডাঙ্গা জেলা আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গায় সকল আইনশৃঙ্খলা কমিটির সদস্য এবং প্রশাসনের কর্মকর্তাদের নিয়ে চুয়াডাঙ্গা জেলা আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে।

রবিবার সকাল সাড়ে দশটার সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খানের সভাপতিত্বে উক্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এ সময় তিনি জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভায় সম্পত্তি সংক্রান্ত অপরাধ নিয়ন্ত্রণ, সন্ত্রাস ও নাশকতামূলক কার্যক্রম পর্যালোচনা, মাদকদ্রব্য ও চোরাচালান নিরোধ, অনিষ্পন্ন চোরাচালান মামলার নিষ্পত্তি ত্বরান্বিতকরণ, সড়ক দুর্ঘটনা নিয়ন্ত্রণ, মানব পাচার প্রতিরোধ, শিক্ষা প্রতিষ্ঠানের শৃঙ্খলা, সড়কের শৃঙ্খলা, ফুটপাত হকারমুক্ত ও দখলমুক্ত ইত্যাদি বিষয়ের উপর বিস্তারিত আলোচনা করেন।

উক্ত সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুন,চুয়াডাঙ্গা সিভিল সার্জন সাজ্জাৎ

হোসেন। চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক মোঃ আরাফাত রহমান, চুয়াডাঙ্গা ডিডি এনএসআই জামীল সিদ্দিকী, চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার শামীম ভূইয়া সহ চুয়াডাঙ্গা জেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ এবং চুয়াডাঙ্গা জেলা আইন-শৃঙ্খলা কমিটির সদস্যবৃন্দ।

মেহেরপুরে আনসার ভিডিপি সমাবেশ অনুষ্ঠিত

মেহেরপুর সদর উপজেলা আনসার ও গ্রাম ভিডিপি সমাবেশ আনসার সদস্যদের মাঝে বাইসাইকেল বিতরণ করা হয়েছে।
আজ বৃহস্পতিবার (২৪ নভেম্বর) সকালে আনসার ভিডিপি কার্যালয়ে এই সমাবেশ অনুষ্ঠিত হয়।

মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার ওবায়দুল্লাহের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে প্রধান অতিথির বক্তব্য রাখেন জেলা আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর জেলা কমান্ড্যন্ট সাহাদত হোসেন।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম, সদর উপজেলা কৃষি অফিসার নাসরিন পারভীন, উপজেলা নির্বাচন অফিসার দোলন কান্তি চক্রবর্তী, আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংকের সদর শাখার ব্যবস্থাপক হেলাল উদ্দীন, মুজিবনগর উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা মিরাজুল ইসলাম, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর অতিরিক্ত সার্কেল অ্যাডজুটেন্ড আল মামুন, গাংনী উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা জিএম শাওন।

আনসার ভিডিপির ইউনিয়ন ও গ্রাম লিডারদের ভাল কাজের স্বীকৃতিসরুপ সদর উপজেলার সুবিদপুর সহকারী কোম্পানী সাইদুজ্জামান, বুড়িপুতা ইউনিয়ন দলনেতা কাওসার আলী, কেশবপুর ওয়ার্ড দলনেতা সানোয়ার, আমদহ গ্রামের ভিডিপি সদস্য জাহিদ আলী, দীঘিরপাড়া ওয়ার্ড দলনেতা সবুজ আলীকে বাইসাইকেল ও ৫ জন সদস্যকে ছাতা উপহার প্রদান করেন।

[redacted]

[redacted]

স্মৃতি ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত

মিরপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক কামারুল আরেফিন বলেছেন, খেলাধুলা ছেলেমেয়েদের মেধা বিকাশের সুযোগ দেয়। প্রতিযোগিতামূলক মনোভাব গড়ে তোলে, সেইসঙ্গে তারা সুস্বাস্থ্যের অধিকারী হয়। আজকের এই মাঠে অনুষ্ঠিত ফাইনাল খেলায় এতো দর্শক খেলা উপভোগ করতে পেরেছে জেনে আমি ভীষণ আনন্দিত। আগামীতে এই মাঠ থেকে আরও ভালো খেলা উপহার দিতে চাই।

সোমবার (২১ নভেম্বর) বিকালে কুষ্টিয়ার মিরপুর উপজেলার আমলা- সদরপুর হাইস্কুল ফুটবল মাঠে অনুষ্ঠিত ‘শেখ কামাল স্মৃতি ফুটবল টুর্নামেন্ট’র ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

তিনি আরও বলেন, ‘ফুটবল হচ্ছে সবচেয়ে জনপ্রিয় খেলা-এটা হচ্ছে বাস্তবতা। কাজেই এই আমলা-সদরপুর এলাকা থেকে ফুটবল ◌েখলা সামনে এগিয়ে যাক, সেটাই আমরা চাই।’ এই আমলা এলাকার কৃতি সাতারুরা দেশের মান উজ্জল করেছে। আমিও চাই ফুটবলেও তারা নৈপুন্যতা দেখাক।

আমলা সদরপুর স্পোর্টস একাডেমি আয়োজিত আজকের এই ফুটবল টুর্নামেন্টে উপস্থিত সর্বস্তরের মানুষকে নিঃসন্দেহে আনন্দ দিয়েছে এবং অনুপ্রাণিত করেছে উল্লেখ করে তিনি বলেন, এখন খেলার মাঠে রাজৈনিতক বক্তব্য দেওয়া হয় যে খেলা হবে। আসলে আমি বলেত চাই এই আমলা-সদরপুর মাঠে সত্যিকার অর্থে ফুটবল এবং ক্রিকেট খেলা হবে। এজন্য এ-ধরনের টুর্ণামেন্টের আয়োজন বেশি বেশি করা দরকার বলেও যোগ করেন তিনি। এমন একটি সুন্দর আয়োজনের জন্য আয়োজক কমিটির কর্মকর্তা ও সদস্যদের তিনি প্রশংসা করেন।

শেখ কামাল আন্তঃজেলা ফুটবল টূর্ণামেন্টের সভাপতি বিশিষ্ট ক্রীড়াবিদ নজরুল ইসলামের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মিরপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আব্দুল কাদের, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আবুল কাশেম জোয়ার্দ্দার, মহিলা ভাইস চেয়ারম্যান মর্জিনা খাতুন, মিউচয়াল ট্রাষ্ট ব্যাংক কুষ্টিয়া শাখার ব্যবস্থাপক আনোয়ার হোসেন, শেখ কামাল আন্তঃজেলা ফুটবল টূর্ণামেন্টের সাধারন সম্পাদক আতিকুজ্জামান বিশ্বাস শাকিল,

উপদেষ্টা বীর মুক্তিযোদ্ধা আশকর আলী, ফকরুল আলম, কুষ্টিয়া প্রেসক্লাবের সাধারন সম্পাদক আনিসুজ্জামান ডাবলু, সদরপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মাজেদুর আলম বাচ্চু, আমলা বাজার কমিটির সভাপতি আব্দুর রাজ্জাক খাঁন, বাংলাদেশ সুইমিং ফেডারেশনের যুগ্ম-সাধারন সম্পাদক আমিরুল ইসলাম, আমলা ইউনিয়ন আওয়ামীলীগের সাধারন সম্পাদক শফিকুল ইসলাম আজম, সদরপুর ইউপির সাবেক চেয়ারম্যান নিয়াত আলী লালু, আমলাসদরপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল গাফ্ফার, শেখ কামাল আন্তঃজেলা ফুটবল টূর্ণামেন্টের সাংগাঠনিক সম্পাদক আরিফুজ্জামান আরিফ, মাহাবুব হাসান রাজন, সাইফুজ্জামান হীরা, যোগাযোগ সম্পাদক এবাদত হোসেন কমল, মিডিয়া ও প্রচার সম্পাদক কাঞ্চন কুমার হালদার, জাহিদ হাসান, ক্রীড়া সম্পাদক মামুনুল ইসলাম ঝন্টু, ইমরান আলী, সদস্য বীর মুক্তিযোদ্ধা লুৎফর রহমান, জালাল উদ্দিন প্রমুখ।

এছাড়া উপজেলা ও ইউনিয়ন আওয়ামীলীগের বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দসহ জেলা ও উপজেলা পর্যায়ের কৃতি সাবেক ফুটবলারা উপস্থিত ছিলেন।

দর্শক পরিপূর্ণ আমলা সদরপুর উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের ফুটবল মাঠে টুর্নামেন্টের ফাইনাল খেলায় অংশ নেয় মাগুরা ফুটবল একাদশ এবং কুষ্টিয়ার আমলা সদরপুর স্পোর্টস একাডেমি একাদশ। খেলায় অমিমাংশিত ভাবে শেষ হয়। পরে ট্রাইব্রেকারে কুষ্টিয়ার আমলা সদরপুর স্পোর্টস একাডেমি একাদশ ৪-৩ গোলে মাগুরা ফুটবল একাদশকে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

খেলা শেষে চ্যাম্পিয়ন দলের মাঝে এক লাখ টাকা ও রানারাআপ দলের মাঝে ৭০ হাজার টাকাসহ ট্রফি তুলে দেন অতিথিবৃন্দ।

খেলার শুরু থেকেই আমলা-সদরপুর মাধ্যমিক বিদ্যালয়ের ফুটবল মাঠে দর্শকদের উপচে পড়া ভীড় ছিল।

এরআগে গত ১ নভেম্বর আমলা সদরপুর মাধ্যমিক ফুটবল মাঠে ‘শেখ কামাল স্মৃতি ফুটবল টুর্নামেন্ট’র উদ্বোধন করা হয়। এতে আট জেলা দল অংশগ্রহণ করে। তারা হলো চুয়াডাঙ্গা, রাজশাহী, মাগুরা, সিরাজগঞ্জ, নাটোর, মানিকগঞ্জ, রাজবাড়ী ও স্বাগতিক কুষ্টিয়া জেলা দল

[redacted]

“[redacted] [redacted] [redacted], [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]” [redacted] [redacted] [redacted] [redacted]

তিনি উল্লেখ করেন, কৃষকরা পণ্যের ন্যায্য মূল্য পান, তার উপরে বিভিন্ন ধরণের তাল বাহনা করে কৃষকদের নিকট থেকে পন্য নিয়ে নেওয়া হয়, যেমন প্রতি মনে (৪০ কেজি) ২কেজি ঢলতা নেয়, বাজারের খাজনা প্রতি মনে ১কেজি, ঝাড়ুদার প্রতি মনে ১কেজি এভাবে বাজারে পন্য নিলে মনপ্রতি ৪ থেকে ৫কেজি চলে যায়। এছাড়া অন্য কৃষকরা বলেন, কৃষি পণ্যের উৎপাদন খরচ কয়েক গুন বেড়ে গেছে যেমন জ্বালানী তেল, সার, কীট নাশক, কৃষি যন্ত্রপাতি, কৃষি শ্রমিকের, পরিবহন খরচ সব বৃদ্ধি পেয়েছে কিন্তু সেভাবে পণ্যের মূল্য বৃদ্ধি পায়নি, তারা কৃষি পণ্যের নির্ধারিত মূল্য নির্ধারণের দাবি এবং কৃষকদের অবসর ভাতা চালুর দাবি জানান।

সমাবেশে প্রধান অতিথিসহ অন্যান্য অতিথিরা কৃষকদের দাবির সাথে একমত পোষন করে বলেন, সকল ক্ষেত্রে কৃষকরা অগ্রাধিকার পাবেন, স্বল্পসুদে কৃষিঋন প্রদান করা হচ্ছে, তাছাড়া মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কৃষকদের জীবনমান উন্নয়নের জন্য বিভিন্ন কর্মসূচি হাতে নিয়েছেন, যেমন কৃষি ভর্তুকি দ্বিগুন করেছে। কৃষকদের সকল ধরণের বীজ, সারসহ অন্যান্য সুবিধা প্রদান করা হচ্ছে। কৃষকরা আর পিছিয়ে থাকবেনা বলেও বক্তার জানান।

গাংনীতে বিজিবির ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত

গাংনীর কাথুলী সীমান্ত এলকায় দুস্থ অসহায় মানুষকে বিনামুল্যে চিকিৎসা সেবা প্রদান ও ওষুধ বিতরণ করেছে কুষ্টিয়া ব্যাটালিয়নের ৪৭ বিজিবি।

বৃহস্পতিবার বিকেলে গাংনীর কাথুলী সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে ফ্রি মেডিকেল ক্যাম্প এর মাধ্যমে এলাকার দেড়শতাধিক বিভিন্ন বয়সের মানুষকে চিকিৎসা সেবা প্রদান করা হয়। একই সাথে বিনামুল্যে ওষুধ বিতরণ করা হয়।

কুষ্টিয়া ব্যাটালিয়নের ৪৭ বিজিবি’র নিজস্ব ব্যবস্থপানায় ফ্রি মেডিকেল ক্যাম্পে চিকিৎসা প্রদান করেন চুয়াডাঙ্গা বর্ডার গার্ড

হাসপাতালের চিকিৎসক গাইনোলজিষ্ট মেজর ফারহানা ইয়াসমিন (ডিজিও) এসময় কুষ্টিয়া বিজিবি’র সহকারি প্ররিচালক মতিউর রহমান,কাথুলী বিজিবি ক্যম্পানী কমান্ডার নায়েক সুবেদার সাইফুল ইসলাম, নায়েক ওয়াসিফুর রহমানসহ বিজিবির সদস্যবৃন্দরা উপস্থিত ছিলেন।

কুষ্টিয়া বেটালিয়ন ৪৭ বিজিবি’র সীমান্ত অঞ্চলে ২১ টি বিজিবি ক্যাম্প রয়েছে। উক্ত সীমান্ত এলাকার বিভিন্ন এলাকায় ফ্রি মেডিকেল ক্যাম্প করে চিকিৎসা সেবা অব্যাহত রেখেছেন বিজিবি। বিনামুল্যে চিকিৎসা সেবা ও ওষুধ পেয়ে সন্তোষ্টি প্রকাশ করেছেন সীমান্ত অঞ্চলের উপকারভোগীরা।